# উধুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

**রেজি নং ১২৮, তারিখঃ ২৮/০৯/১৯৯১খ্রিঃ**

**ঠিকানাঃ গ্রামঃ উধুর , পোঃ উলুখোলা, উপজেলাঃ গাজীপুর সদর,গাজীপুর।**

**পত্র নং নির্বাচন-২০২৫-০১** **তারিখঃ ২৫/০২/২০২৫খ্রি.**

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫

এতদ্বারা **উধুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃলিঃ** এর সম্মানিত সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির বিগত ৩১/০১/২০২৫খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত এবং ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জারীকৃত বিশেষ সাধারন সভার নির্বাচনী নোটিশ অনুযায়ী আগামী ০৯/০৪/২০২৫খ্রি. তারিখ রোজঃ বুধবার, সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে সমিতির কার্যালয়ে বিশেষ সাধারন সভা ও সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ কার্যক্রম অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, উক্ত নির্বাচন উপলক্ষে সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক সভাপতি পদে ০১ জন, সহ-সভাপতি পদে ০১ জন, সম্পাদক পদে ০১ জন, কোষাধ্যক্ষ পদে ০১ জন ও ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে ০৮ জন সহ মোট ১২ (বারো) টি পদে সমিতির সদস্যদের সরাসরি (গোপন ব্যালটের মাধ্যমে) ভোটে নির্বাচিত হবেন।

নির্বাচন কমিটির ২৩/০২/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৭(১) বিধি অনুসারে অত্র সমিতির ০৯/০৪/২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের লক্ষে ২৫/০২/২০২৫খ্রি.তারিখে নিম্নরূপভাবে তফসিল ঘোষণা করা হলোঃ-

## নির্বাচনী তফসিল-২০২৫

| ক্রঃ নং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১, | মনোনয়ন পত্র বিতরন | ০৩/০৩/২০২৫খ্রি.<br>০৪/০৩/২০২৫খ্রি. | বেলা ১২.০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা | সমিতির কার্যালয় |
| ০২. | মনোনয়ন পত্র জমা দাখিল/ গ্রহন | ০৯/০৩/২০২৫খ্রি.<br>১০/০৩/২০২৫খ্রি. | বেলা ১২.০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা | সমিতির কার্যালয় |
| ০৩. | মনোনয়ন পত্র বাছাই ( প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকেন) | ১২/০৩/২০২৫খ্রি.<br>১৩/০৩/২০২৫খ্রি. | বেলা ১২.০০ ঘটিকা হতে | সমিতির কার্যালয় |
| ০৪. | বৈধ ও বাতিলকৃত প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ১৪/০৩/২০২৫খ্রি. | যাচাই ও বাছাই শেষে | সমিতির নোটিশ বোর্ড |
| ০৫. | বৈধ ও বাতিলকৃত প্রার্থীর মনোনয়নপত্রের বিরুদ্ধে আপীল আবেদন গ্রহন | ১৬/০৩/২০২৫খ্রি.<br>১৭/০৩/২০২৫খ্রি. | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় কার্যালয়, গাজীপুর |
| ০৬. | আপীলের শুনানী গ্রহন ও রায় প্রকাশ | ১৮/০৩/২০২৫খ্রি.<br>১৯/০৩/২০২৫খ্রি.<br>২০/০৩/২০২৫খ্রি. | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | জেলা সমবায় কার্যালয়, গাজীপুর |
| ০৭. | বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ২৩/০৩/২০২৫খ্রি. | আপীল কর্তৃপক্ষ কর্তৃক রায় ঘোষনার পর | সমিতির কার্যালয় (সমিতির নোটিশ বোর্ড) |
| ০৮. | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ২৪/০৩/২০২৫খ্রি. | বেলা ১২:০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ০৯. | মনোনয়নপত্র প্রত্যাহার শেষে বৈধ প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ | ২৫/১১/২০২৪খ্রি. | বেলা ১২:০০ ঘটিকা | সমিতির কার্যালয় (সমিতির নোটিশ বোর্ড) |
| ১০. | বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ ( প্রযোজ্য ক্ষেত্রে) | ২৭/০৩/২০২৫খ্রি. | বেলা ১২:০০ ঘটিকা | সমিতির কার্যালয় (সমিতির নোটিশ বোর্ড) |
| ১১. | প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ | ২৮/০৩/২০২৫খ্রি. | বেলা ১২:০০ ঘটিকা হতে | সমিতির কার্যালয় |
| ১২. | ভোট গ্রহন | ০৯/০৪/২০২৫খ্রি. | সকাল ০৯:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত (বিরতিহীনভাবে) | সমিতির কার্যালয় |
| ১৩. | ভোট গণনা | ০৯/০৪/২০২৫খ্রি. | ভোট গ্রহনের পর | সমিতির কার্যালয় |
| ১৪. | ফলাফল প্রকাশ | ০৯/০৪/২০২৫খ্রি. | ভোট গননার পর | সমিতির কার্যালয় (সমিতির নোটিশ বোর্ড) |

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমুহঃ

| ক্রঃ নং | পদের নাম | প্রতীক সমূহ |
|---|---|---|
| ০১. | সভাপতি | চেয়ার, ছাতা, আনারস, ফুটবল |
| ০২. | সহ-সভাপতি | মই, আম, বাস-গাড়ি, হাতি, গোলাপফুল। |
| ০৩. | সাধারন সম্পাদক | মোমবাতি ,বাঘ, হরিন, কলস, মাছ, মোরগ। |
| ০৪.. | কোষাধ্যক্ষ | হাঁস, উট,রিকসা,বাই-সাইকেল, টিউওয়েল। |
| ০৫.. | পরিচালক | তালাচাবি, হাতুরী, দেওয়াল ঘড়ি, ঘুড়ি, টেবিল, মোবাইল, বই, কম্পিউটার, টেলিফোন, চশমা, দোয়াত-কলম, কাপ-পিরিচ, ডালিম, |

## নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়ঃ

০১। **উথুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ**এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে প্রার্থী হতে ইচ্ছুক সে পদ উল্লেখ পূর্বক সমিতির ব্যবস্থাপনা কমিটির কর্তৃক অফেরৎযোগ্য ফি (যদি থাকে) জমা প্রদান করে রশিদ প্রদর্শন পূর্বক প্রার্থী কর্তৃক নির্বাচন কমিটির নিকট হতে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে।

০২। নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ব্যতিত অন্য কোন প্রকারের মনোনয়নপত্র বা উহার ফটোকপি গ্রহন যোগ্য হবে না।

০৩। মনোনয়নপত্রের সাথে প্রার্থীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি ও জাতীয় পরিচয় পত্রের অনুলিপি মোবাইল নম্বরসহ সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্রের সাথে সংযুক্ত ছবি **উথুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ**এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার, গাজীপুর সদর/জেলা সমবায় অফিসার,গাজীপুর কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৪। প্রার্থী যদি আলোচ্য সমিতি ছাড়াও অন্য কোন সমবায় সমিতির সদস্য হয়ে থাকেন তবে উক্ত সমবায় সমিতির নাম, উক্ত সমিতিতে প্রার্থীর সদস্য নম্বর এবং উক্ত সমবায় সমিতিতে প্রার্থীর সকল পাওনা পরিশোধের হালনাগাদ প্রমানকের অনুলিপি মনোনয়ন পত্রের সঙ্গে জমা দিতে হবে। এক্ষেত্রে প্রার্থী কর্তৃক কোনরূপ তথ্য গোপন করা হলে তার দায়ভার প্রার্থীকেই বহন করতে হবে।

০৫। দাখিলকৃত মনোনয়নপত্র অসম্পূর্ন, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত মনোনয়নপত্র এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গন্য হবে।

০৬। মনোনয়নপত্র যাচাই-বাছাইকালে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর সংশ্লিষ্ট ধারা, বিধি ও সমিতির নিবন্ধিত উপ-আইন যথাযথ ভাবে অনুসরন করা হবে।

০৭। চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পর প্রতীক বরাদ্ধ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী আবেদন করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্ধ করবে।

০৮। কোন পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা নির্বাচন কমিটি কৃর্তক নির্ধারিত প্রতীক সমূহের অধিক হলে পুনরায় অতিরিক্ত প্রতীক বরাদ্ধ করা হবে।

০৯। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ৮৮ বিধি অনুসরন করতে হবে।

১০। নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগনকে সমবায় সমিতি আইন, ২০০১ এবং (সংশোধিত, ২০০২ ও ২০১৩) ১৮(৮) ধারা, ১৯ ধারা,২৬ ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৪ ও ২৫ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

১১। একজন প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারবেন না।

১২। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৮(২) বিধি মোতাবেক প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্রের সঙ্গে দেওয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপর্যুক্ত পদ্ধতি গ্রহণ করিতে পারিবে।

১৩। সমিতির সদস্য তালিকা বইতে উল্লেখিত সদস্য সংক্রান্ত তথ্য ব্যতিত অন্য কোন তথ্য দ্বারা মনোনয়নপত্র পূরণ করা হলে মনোনয়নপত্র বাতিল বলে গন্য হবে।

১৪। সমিতিতে বেতন ভুক্ত কর্মচারী নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না।

১৫। পাগল, বিকৃত মস্তিষ্ক, দেওলিয়া ও আদালতকর্তৃক দন্ডপ্রাপ্ত ব্যক্তি নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না।

১৬। প্রার্থী নিজে অথবা ক্ষমতা প্রাপ্ত ব্যাক্তি কর্তৃক মনোনয়নপত্র গ্রহন করতে পারবেন। তবে মনোনয়নপত্র জমা প্রদানের ক্ষেত্রে প্রার্থীকে নিজে উপস্থিত হয়ে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

১৭। উদ্ভুত কোন সমস্যা দেখা দিলে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

১৮। অত্র সমিতির উপ আইন, সমবায় সমিতি আইন ও বিধিমালা মোতাবেক নির্বাচন কার্য সম্পাদন করা হবে।

১৯। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

২০। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ৩৪(৪) বিধি মোতাবেক নির্বাচনী তফসিল জারীর পর নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত বিরোধ মামলা দায়ের করা যাবে না।

মনোরঞ্জন দাস
সদস্য নং-৩১২,
উধুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ।
ও
সদস্য
নির্বাচন কমিটি
উধুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ।

২৫/০২/২৫
হাসনা ইয়াসমিন
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়,গাজীপুর সদর
ও
সদস্য
নির্বাচন কমিটি
উধুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ।

২৫/০২/২৫
সহিদুল ইসলাম
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়,গাজীপুর
ও
সভাপতি
নির্বাচন কমিটি
উধুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ।

স্মারক নং-

তারিখঃ ২৫/০৩/২০২৫খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ-

১। জনাব.........................................., সদস্য, উধুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ।

২। সভাপতি / সম্পাদক, ব্যবস্থাপনা কমিটি, উধুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ তাঁকে নির্বাচন কমিটি কর্তৃক জারীকৃত নির্বাচনী তফসিল অনতিবিলম্বে সমিতির সকল সদস্যের নিকট যথাসময়ে প্রেরণ নিশ্চিত করণ ও বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৩। উপজেলা সমবায় অফিসার, গাজীপুর সদর,গাজীপুর।

৪। জেলা সমাবায় অফিসার,গাজীপুর ।

৫। সমিতির নোটিশ বোর্ড।

২৫/০২/২৫
সহিদুল ইসলাম
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়,গাজীপুর
ও
সভাপতি
নির্বাচন কমিটি
উধুর হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ।